# হাদির মৃত্যুতে গণ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের শোক ও বিক্ষোভ মিছিল



সংগৃহীত ছবি

জুলাই আন্দোলনের বিপ্লবী কণ্ঠস্বর এবং ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ মিছিল করেছে। সাভারের গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) রাত ১১টায় গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) ও সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে শুরু হয়ে আশপাশের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় স্থানীয় সাধারণ মানুষও শিক্ষার্থীদের সঙ্গে সংহতি প্রকাশ করে মিছিলে অংশ নেন।

মিছিল চলাকালে শিক্ষার্থীরা *“গুলির মুখে কথা কইবো, আমরা সবাই হাদী হবো”, “তুমি কে আমি কে—হাদী হাদী”, “দিল্লি না ঢাকা—ঢাকা ঢাকা”, “ইনকিলাব ইনকিলাব”*সহ বিভিন্ন স্লোগান দেন।

কর্মসূচিতে বক্তারা শরীফ ওসমান হাদির হত্যাকাণ্ডের দ্রুত বিচার নিশ্চিত করার দাবি জানান। তারা বলেন, সকল হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করতে হবে এবং ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে। দাবি পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের পদত্যাগ এবং সারা দেশে কঠোর কর্মসূচির হুঁশিয়ারিও দেন শিক্ষার্থীরা।

LENS ASIA

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (গকসু) সহ-সভাপতি (ভিপি) ইয়াছিন আল মৃদুল দেওয়ান বলেন, “হাদী ভাইয়ের মৃত্যু আমাদের হৃদয়ে গভীর ক্ষত তৈরি করেছে। এটি একটি পরিকল্পিত হত্যাকাণ্ড। দোষীদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনতে হবে, অন্যথায় সংশ্লিষ্টদের দায়িত্ব থেকে সরে দাঁড়াতে হবে। ভারতীয় আধিপত্যের বিরুদ্ধে হাদীর মতো করেই আমাদের লড়াই চালিয়ে যেতে হবে।”

গকসুর সহ-সাধারণ সম্পাদক (এজিএস) মো. সামিউল ইসলাম বলেন, “চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের এক নির্ভীক যোদ্ধা সন্ত্রাসী হামলায় শহীদ হয়েছেন। হাদী কোনো একক দলের ছিলেন না, তিনি ছিলেন সকলের। আজ একজন হাদীর বিদায়ে কোটি কোটি হাদীর জন্ম হয়েছে।”

ফলিত গণিত বিভাগের শিক্ষার্থী শাকিল আহমেদ বলেন, “হাদী ভাই দেখিয়ে গেছেন কীভাবে অন্যায় ও আধিপত্যবাদের বিরুদ্ধে দাঁড়াতে হয়। প্রশাসনের কাছে আমাদের স্পষ্ট দাবি—হাদী হত্যার বিচার নিশ্চিত করতে হবে, না হলে দায়িত্বশীলদের পদত্যাগ করতে হবে। আমরা আর কোনো হাদীকে হারাতে চাই না।”

ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্সেস অনুষদের শিক্ষার্থী মোজাম্মেল হাওলাদার শুভ বলেন, “বিচারের বদলে বিচার চাই। জুলাই আন্দোলনে যারা শিক্ষার্থীদের হুমকি দিয়েছে, তাদের বিচার নিশ্চিত করতে হবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আধিপত্যবাদী প্রতীক অপসারণের দাবি জানাই।”

বিক্ষোভ মিছিল শেষে শহীদ শরীফ ওসমান হাদির আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মুনাজাত করা হয়। এতে ছাত্র সংসদের নেতৃবৃন্দ, শিক্ষার্থী ও স্থানীয় জনসাধারণ অংশ নেন।